

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, অক্টোবর ১৯, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ/০২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-৮২।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১৭ অক্টোবর, ২০১৮ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.৭০১ এর পরিপ্রেক্ষিতে আগামী ২১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য নিম্নবর্ণিত ছকে বিভিন্ন জেলার ইউনিয়ন পরিষদসমূহে শূন্যপদে সাধারণ নির্বাচন/উপনির্বাচন উপলক্ষে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act of 1898) এর অধীন বিচারার্থে আমলে নেয়া ও সংশ্লিষ্ট বিচার সম্পন্নের নিমিত্ত নিম্নলিখিত তফসিলের ৩নং কলামে বর্ণিত উপজেলার অধীন ইউনিয়ন পরিষদসমূহে ৬নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ৫(পাঁচ) জন কর্মকর্তাগণকে ভোটগ্রহণের পূর্বের দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২০ অক্টোবর, ২০১৮ হতে ২৩ অক্টোবর, ২০১৮ তারিখ পর্যন্ত মোট ৪ (চার) দিনের জন্য নিয়োগ প্রদান করল :

“ছক”

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	ম্যাজিস্ট্রেট সংখ্যা	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫	৬

সাধারণ নির্বাচন

১.			গয়াবাড়ী	০১	জনাব মোঃ সামিউল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
২.	নীলফামারী	ডিমলা	টেপাখড়িবাড়ী	০১	জনাব উৎপল ঘোষ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
৩.			খগাখড়িবাড়ী	০১	জনাব সহদেব চন্দ্র রায়, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী।

(১২৭৮৫)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	ম্যাজিস্ট্রেট সংখ্যা	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫	৬

উপ-নির্বাচন

৪.	কুমিল্লা	দাউদকান্দি	পদুয়া	০১	জনাব গোলাম মাহবুব খান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।
৫.	জামালপুর	মেলান্দহ	ঝাউগড়া	০১	জনাব নিস্কৃতি হাগিদক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর।
মোট :				৫ (পাঁচ) জন	

২। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনের প্রতিদিনের প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

ছক

জেলার নাম : থানা/উপজেলার নাম : ইউনিয়নের নাম :
.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত একজন সশস্ত্র পুলিশ কর্মকর্তা (এ.এস.আই এর নিম্নে নয়) এবং দুইজন কনস্টেবল নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শরীফ হোসেন হায়দার
উপসচিব (আইন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpres.gov.bd